

## নিয়োগ সংক্রান্ত বিজ্ঞপ্তি

জুলাই ৫, ২০১৬ইং

এতদ্বারা সংশ্লিষ্ট অবগতির জন্য জানানো যাচ্ছে যে, খাদ্য দপ্তর কর্তৃক ১৪ই মে ২০১৫ ইং জারি করা নিয়োগ সংক্রান্ত বিজ্ঞপ্তি মূলে উত্তর ত্রিপুরা জেলার যে সকল প্রার্থীরা দপ্তরের সিনিয়র স্টোরগার্ড (দিবারাত্র খাদ্য গুদাম পাহারা দেবার জন্য) পদে চাকরির জন্য নিজ নিজ মহকুমায় আবেদনপত্র জমা দিয়েছিলেন, তাদের ওয়াক-ইন-ইন্টারভিউ আগামী ১৩ই জুলাই, ২০১৬ ইং থেকে নিম্নলিখিত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে :-

ইন্টারভিউর স্থান ও সময়	তারিখ	আবেদনপত্র জমা দেওয়ার সময় সংশ্লিষ্ট মহকুমা শাসক কার্যালয় থেকে প্রাপ্ত টোকেন নম্বর	
পুরাতন টাউন হল, ধর্মনগর (সময় প্রতিদিন সকাল ১১টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত)	১৩/০৭/২০১৬	ধর্মনগর মহকুমা	টোকেন নম্বর ১ থেকে ৮৭০
		কাঞ্চনপুর মহকুমা	টোকেন নম্বর ১ থেকে ৭৬৯
	১৪/০৭/২০১৬	পানিসাগর মহকুমা	টোকেন নম্বর ১ থেকে ৬৬৬
		ধর্মনগর মহকুমা	টোকেন নম্বর ৮৭১ থেকে ১৭৩১

বি.দ্র-

- প্রার্থীদের অনুরোধ করা হচ্ছে, ইন্টারভিউ সময় সমস্ত অরিজিনাল কাগজপত্র, আবেদনপত্র জমা দেওয়ার প্রমাণ স্বরূপ প্রাপ্ত টোকেন, সচিত্র ভোটার পরিচয়পত্র সঙ্গে রাখার জন্য। কারোর ভোটার পরিচয় না থাকলে অন্য কোন সচিত্র পরিচয়পত্র সঙ্গে রাখতে হবে। বিশেষ করে মাধ্যমিক পরীক্ষার এডমিট কার্ড ও মার্শিট (অরিজিনাল) অবশ্যই সঙ্গে রাখতে হবে।
- ইন্টারভিউর দিন সংশ্লিষ্ট প্রার্থীদের যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হচ্ছে। টোকেনধারী প্রার্থীদের জানানো যাচ্ছে যে, ইন্টারভিউর দিন নির্দিষ্ট টোকেনের সিরিয়াল নম্বর অনুযায়ী ডাকা হবে। তাই অগ্রিম লাইন ধরার প্রয়োজন নেই।
- ইন্টারভিউর প্রক্রিয়া যেকোন সময় কোনরকম কারণ দর্শানো ছাড়াই পরিবর্তিত কিংবা বাতিল করা যেতে পারে।
- ইন্টারভিউতে অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন টি.এ/ডি.এ. দেওয়া হবে না।

স্বাঃ অস্পষ্ট

অধিকর্তা

খাদ্য, জনসংভরণ ও ক্রেতাস্বার্থ বিষয়ক দপ্তর

## জরুরী বিজ্ঞপ্তি

জুলাই ৬, ২০১৬ ইং

বিগত ২রা জুলাই, ২০১৬ ইং খাদ্য, জনসংভরন ও ক্রেতাস্বার্থ বিষয়ক দপ্তর কর্তৃক জারী করা 'নিয়োগ সংক্রান্ত বিজ্ঞপ্তি মূলে উনকোটি জেলার কৈলাশহর ( টোকেন নং ০১ থেকে ৮০৮) এবং কুমারঘাট ( টোকেন নং ০১ থেকে ৩০০ ) মহকুমামধীন প্রার্থীদের সিনিয়র স্টোর গার্ড পদে চাকরির জন্য যে ওয়াক-ইন-ইন্টারভিউ কুমারঘাট পঞ্চায়েত সমিতি হল, কুমারঘাটে আজ, ৭ই জুলাই, ২০১৬ ইং অনুষ্ঠিত হবার ঘোষণা ছিল, তা অপরিবর্তিত থাকছে। পূর্বঘোষিত সময়সূচি অনুযায়ী ইন্টারভিউ যথারীতি অনুষ্ঠিত হবে। তবে উক্ত দিনের কোন মুসলিম সম্প্রদায়ভুক্ত প্রার্থী যদি ৭ই জুলাই, ২০১৬ ইং তারিখে ইন্টারভিউ প্রক্রিয়ায় অংশ না-নিতে পারেন, তাদের পরের দিন অর্থাৎ ৮ই জুলাই, ২০১৬ ইং একই স্থানে পূর্বঘোষিত সময়সূচি অনুযায়ী উপস্থিত থেকে ইন্টারভিউ-তে অংশগ্রহন করার সুযোগ থাকবে।

অধিকর্তা

খাদ্য, জনসংভরন ও ক্রেতাস্বার্থ বিষয়ক দপ্তর